

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৯৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصِيْلُ الثَّنَفْ

আরবী

وَعَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: يُجَاءُ بِابْنِ آدَمَ يَوْمَ الْقِيَامَةِ كَأَنَّهُ بَذَجٌ فَيُوقَفُ بَيْنَ يَدَيِ اللَّهِ فَيَقُولُ لَهُ: أَعْطَيْتُكَ وَخَوَّلْتُكَ وَأَنْعَمْتُ عَلَيْكَ فَمَا صَنَعْتَ؟ فَيَقُولُ: يَا رَبِّ جَمَعْتُهُ وَتُمَرْتُهُ وَتَرَكْتُهُ أَكْثَرَ مَا كَانَ فَارْجِعْنِي آتِكَ بِهِ كُلِّهِ. فَيَقُولُ لَهُ: أُرنِي مَا قَدَّمْتَ. فَيَقُولُ: رَبِّ جَمَعْتُهُ وَتُمَرْتُهُ وَتَرَكْتُهُ أَكثر ماكان فَارْجِعْنِي آتِكَ بِهِ كُلِّهِ. فَإِذَا عَبْدٌ لَمْ يُقَدِّمْ خَيْرًا فَيُمْضَى بِهِ إِلَى النَّارِ . رَوَاهُ التِّرْمِذِي وَضَعَفه

اسناده ضعیف ، رواه الترمذی (2427) * اسماعیل بن مسلم : ضعیف الحدیث و للحدیث شاهد ضعیف ۔

(ضَعيف)

বাংলা

৫১৯৫-[৪১] আনাস (রাঃ) নাবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: কিয়ামতের দিন আদম সন্তানকে এমন অবস্থায় আনা হবে যেন সে একটি অসহায় বকরীর বাচ্চা। অতঃপর তাকে আল্লাহ তা'আলার সামনে দাঁড় করানো হবে। তখন আল্লাহ তা'আলা তাকে জিজ্ঞেস করবেন, আমি তোমাকে (হায়াত ও স্বাস্থ্য) দান করেছিলাম, (দাস-দাসী, ধন-দৌলতের) মালিক বানিয়েছিলাম এবং আমি তোমাকে (দীনে হকের) নি'আমাত দান করেছিলাম, আমার সে সমস্ত নিয়ামতকে কি কাজে খরচ করেছ? সে বলবে, হে আমার রব! আমি তাকে জমা করেছি, (ব্যবসা করে) তাতে বাড়িয়েছি এবং (অবশেষে) প্রথমে যা ছিল তদপেক্ষা অধিক পরিমাণে ছেড়ে এসেছি। অতএব আমাকে আবার (দুনিয়াতে) ফিরিয়ে দিন, আমি উক্ত সমুদয় সম্পদ আপনার নিকট নিয়ে আসব। আল্লাহ তাআলা তাকে বলবেন, যা কিছু তুমি আগে পাঠিয়েছ তা আমাকে দেখাও। উত্তরে সে (পূর্বের ন্যায়) আবার বলবে, হে আমার রব! আমি তা জমা করেছি, তাতে বৃদ্ধি করেছি এবং পূর্বে যা ছিল তা হতে অধিক ছেড়ে এসেছি। অতএব আমাকে পুনরায় দুনিয়াতে পাঠিয়ে দিন। আমি সমুদয় সম্পদ নিয়ে আপনার নিকট আসব। তখন প্রকাশ পাবে যে,



সে এমন এক বান্দা, যে পরকালের জন্য কোন নেক আমল প্রেরণ করেনি। অতএব তাকে জাহান্নামের দিকে নিয়ে যাওয়া হবে। (তিরমিযী; তিনি বলেছেন : হাদীসটি যঈফ)

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ২৪২৭, য'ঈফুল জামি ৬৪১৩, ইসমাঈল ইবনু মুসলিম আল মাক্কী তাঁর হিফ্য বা মুখস্থশক্তি দুর্বলতার কারণে যঈফ। আলবানী (রহ.) বলেন, আর তাতে কতাদাহ্ 'আত্ব 'আন দ্বারা বর্ণনা করেছেন আর তার সঙ্গী হলেন হাসান বাসরী।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (فَيَقُولُ لَهُ) তাকে বলবেন : এখানে (قايل) অর্থাৎ বক্তা মালাক (ফেরেশতা)-ও হতে পারেন অথবা আল্লাহ তা'আলা স্বয়ংও হতে পারেন।

(اَعْطَيْتُكَ وَخَوَّلْتُكَ) 'আমি তোমাকে দান করেছি ও নি'আমাতের অধিকারী করেছি', অর্থাৎ আমি তোমাকে জীবন, অনুভূতি শক্তি, সুস্থতা দান করেছি। (خَوَّلْتُك) খাওয়ালের মালিক বানিয়েছি। খাদেম, পরিবার-পরিজন, সম্পদ ও প্রতিপত্তি ইত্যাদিকে 'আরবীতে (خَوَّلُ) বলা হয়। আমি তোমাকে এ সমস্ত জিনিস দান করেছি। (فَمَا صَنَعْتُ) তুমি কি করেছ? অর্থাৎ তোমাকে যে এত এত নিআমাত দান করেছি বিনিময়ে তুমি কি করেছ?

(فَارْجِعْنِي آتِكَ بِهِ كُلِّهِ) "আমাকে আবার দুনিয়ায় পাঠিয়ে দিন আমি সবকিছু নিয়ে আসব।

অর্থাৎ আপনি যদি আমাকে পুনরায় দুনিয়াতে পাঠান তাহলে আমি এসব সম্পদ আপনার পথে দান করে আসব।

(أُرنِي مَا قَدَّمْت) "তুমি কি প্রেরণ করেছ আমাকে দেখাও" অর্থাৎ পরকালের জন্য কি ভালো কাজ করেছ তা আমাকে দেখাও।

(فَإِذَا عَبْدٌ لَمْ يُقَدِّمْ خَيْرًا) তখন দেখা যাবে যে, সে এমন এক বান্দা যে কোন ভালো কাজই করেনি। অর্থাৎ তাকে যে নি'আমাত দান করা হয়েছিল তা দ্বারা সে কোন ভালো কাজ সম্পাদন করেনি। তাকে যে আদেশ করা হয়েছিল তা সে পালন করেনি এবং যে ওয়াজ-নসীহত করা হয়েছিল সে নাসীহাতও গ্রহণ করেনি।

(فَيُمْضَى بِهِ إِلَى النَّا) "অতঃপর তাকে জাহান্নামের দিকে নিয়ে যাওয়া হবে এবং তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেন : এ লোকটি সম্পর্কে যা বলা হলো তাতে এটা বুঝা যায়, সে এমন একজন গোলামের ন্যায় যার মালিক তাকে কিছু মূলধন দিয়ে ব্যবসা করতে বলে এবং তা দ্বারা লাভবান হতে বলে এবং এজন্য তাকে কিছু দিক-নির্দেশনা দেয়। কিন্তু সে গোলাম মালিকের দিক-নির্দেশনা অমান্য করে মূলধন নষ্ট করে ফেলে যার ফলে সে ক্ষতিগ্রস্ত হয়ে যায়। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন